

**নভেম্বর থেকে আন্দোলনের  
ছমকি সরকারি স্কুল  
শিক্ষকদের**

নিজস্ব প্রতিবেদক >

নতুন বেতন স্কেলে টাইম স্কেল-সিলেকশন গ্রেড বহালসহ চার দফা দাবি বাস্তবায়ন না হলে নভেম্বর থেকে আন্দোলনে যাওয়ার ছমকি দিয়েছেন বাংলাদেশ সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষক সমিতি। গতকাল শুক্রবার সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে এক মানববন্ধনে এ ছমকি দেওয়া হয়। চার দফা দাবিগুলো হচ্ছে অষ্টম বেতন স্কেলে টাইম স্কেল-সিলেকশন গ্রেড বহাল, হতস্ত্র বেতন স্কেল প্রদান, সরকারি স্কুলে ৪০০-সহকারী প্রধান শিক্ষকের পদ পদোন্নতির মাধ্যমে দ্রুত পূরণ ও বদলি নীতিমালা প্রণয়ন।

মানববন্ধনে সমিতির আহ্বায়ক মো. মোফাজ্জল হোসেন বলেন, 'সরকারি স্কুলে একজন শিক্ষক দশম গ্রেডে যোগদান করেন। সেখান থেকে ওপরে ওঠার মাত্র তিনটি পথ রয়েছে। কিন্তু পদ না থাকায় ৮০ ভাগ শিক্ষকই পদোন্নতি পান না। বাকি দুটি উপায় হচ্ছে টাইম স্কেল ও সিলেকশন গ্রেড প্রদান। এখন এগুলো উঠে গেলে যেই গ্রেডে যোগদান করবে সেই গ্রেডে থেকেই অবসরে যেতে হবে। তাই মেধাবী শিক্ষার্থীরা এই পেশায় আসবে না, যা সরকারের খুবই গুরুত্বের সঙ্গে ভাবা উচিত।

মোফাজ্জল হোসেন বলেন, 'বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষকরাও প্রায় একই ধরনের দাবিতে আন্দোলন করছেন। আমরা তাঁদের সঙ্গে একমত। সরকার যেহেতু বেতন বৈষম্য দূরীকরণ কমিটি করেছে, তাই আমরা অক্টোবর মাসের পুরোটা দেখব। এর মধ্যে আমাদের দাবির ব্যাপারে সুস্পষ্ট ঘোষণা না এলে অন্য শিক্ষকদের সঙ্গে সংগতি রেখে নভেম্বর থেকেই কর্মসূচি ঘোষণা করা হবে।

মানববন্ধনে আরো উপস্থিত ছিলেন সমিতির সদস্যসচিব মোকলেসুর রহমান, আশরাফুল হক ভূঁইয়া, মোস্তাফিজুর রহমান, মো. জামিনুর রহমান, মো. সাইফ উদ্দিন, আতাউর রহমান প্রমুখ।